

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৪.১৭-৪৮

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৪  
১৩ ফেব্রুয়ারি ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ (মূলপদ পিটিআই ইন্সট্রাক্টর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ-কে ২৪/১০/২০১৬ হতে ০৪/১১/২০১৭ তারিখ পর্যন্ত ১ বছর ১১ দিন অননুমোদিত অনুপস্থিতি বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করত: তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ (মূলপদ পিটিআই ইন্সট্রাক্টর)-কে ২৪/১০/২০১৬ হতে ০৪/১১/২০১৭ তারিখ পর্যন্ত ১ বছর ১১ দিন অননুমোদিত অনুপস্থিতি বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করত: তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
১৩/০২/১৮  
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)  
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৪.১৭-৪৮

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৪  
১৩ ফেব্রুয়ারি ২০১৮

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। সুপারিনটেনডেন্ট, পিটিআই, ময়মনসিংহ।
- ৮। জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
- ৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৯১